যুগান্তর

২৭/৫/২০০১

তারিখ ...............

পৃষ্ঠা ১৬ ... কলাম ... ৬ ......

# মাদ্রাসা বোর্ড : ৫ শিক্ষক ও ২৩২ পরীক্ষার্থী বহিষ্কার

যুগান্তর রিপোর্ট •

মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষায় গতকাল পাঁচজন শিক্ষক ও ২৩২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। গতকাল আলীম শ্রেণীর আরবি দ্বিতীয় পত্র, গণিত প্রথম পত্র, জীববিজ্ঞান প্রথম পত্র এবং ফাজিল শ্রেণীর উলুমুল আরাবিয়াহ আয়াশ শবীফাহ প্রথম পত্র ও উলুমুত তাসবিদ ওয়াল কিরাত বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিয়ন্ত্রণকক্ষ সূত্রে জানা গেছে, নেত্রকোনায় একজন ও নাটোরে দুজন শিক্ষক বহিষ্কার হয়েছে। পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে- হবিগঞ্জে ৩, ফরিদপুরে ১৩, সাতক্ষীরায় ১৫, ব্রাহ্মণবাড়িয়ায় ৬, নওগাঁয়ে

**বহিষ্কার :** পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

## বহিষ্কার : পরীক্ষার্থী

(৩য় পৃষ্ঠার পর)

২০, নারায়ণগঞ্জে ১, মেহেরপুরে ৬, নিলফামারীতে ৩, ঝালকাঠিতে ২, ঠাকুরগাঁওয়ে ৬০, যশোরে ৩, চুয়াডাঙ্গায় ২, পাবনায় ১৭, গোপালগঞ্জে ৮, হবিগঞ্জে ১, রংপুরে ২১, নেত্রকোনায় ১৯, চাঁপাইনবাবগঞ্জে ২৫, টাঙ্গাইলে ১১, বরিশালে ১৪, খুলনায় ১ ও নাটোরে ২ জন।